# SAMPLE QUESTION PAPER
# OF CLASS XII
# SESSION - 2017 - 2018
# SUBJECT - BENGALI
# CODE - 105

## Code No. 105

- **Please check that this question paper contains 8 printed pages.**

**The Question Paper is divided into four Sections**

**SECTION - A : Reading (Comprehension)**

**SECTION - B : Grammar**

**SECTION - C : Composition & Writing**

**SECTION - D : Literature**

**Class - XII (2017 - 18)**
**Subject - Bengali**

সময় - ৩ ঘন্টা | সর্বমোট অঙ্ক - ৮৫

**Time : 3 Hrs.** | **Maximum Marks - 85**

## Section - A (Reading Comprehension)

**1.** নীচের অনুচ্ছেদটি পড়ে প্রদত্ত প্রশ্নগুলির উত্তর দাও ঃ **1+1+1+1+1 = 5**

হেনরিক পন্টোপ্পিদান ডেনমার্কের অন্যতম শ্রেষ্ঠ বাস্তববাদী সাহিত্যিক এর জন্ম হয় ১৮৫৯ সালে ফ্রেডারেসিয়ার এক ধর্মযাজকের ঘরে। সাহিত্যজগতে পা রাখার আগে তিনি গ্রামের এক হাইস্কুলে ভূগোল পড়াতেন আর কিছু কিছু সমীক্ষার কাজ চালাতেন। ওই স্কুলের শীর্ষ কর্তা ছিলেন তাঁর ভাই। তাঁরই এলাকার এক উদ্যোগপতির মেয়ের সঙ্গে বিয়ের পর হেনরিক পন্টোপ্পিদান 'ভিলেজপিকচারস' আর 'ফ্রম দ্য কটেজেস' নামে দুটি ছোট গল্পের সংকলন প্রকাশ করেন। এই বই দুটোর সব গল্পেই প্রাধান্য পেয়েছে তৎকালীন বাস্তবতা । কৃষক জীবনের ক্লান্তিকর এক ঘেয়েমি, কদর্যতা, ভালোবাসাহীন জীবনযাত্রার কথা নিখুঁত বিবরণে অসমান্য রূপ লাভ করেছে। পন্টোপ্পিদান সমাদৃত হন তাঁর লেখা তিনটি উপন্যাসক্রম প্রকাশিত হওয়ার পর - 'দ্য প্রমিসড ল্যাণ্ড', 'লাকি পার' এবং'দ্য কিংডম অফ ডেড'। তাঁর এই সুবিশাল কর্মকাণ্ডের জন্য জার্মানিতে বসবাসকারী আরেক ড্যানিশ লেখক কার্ল জেলেরাপ এর সঙ্গে যৌথভাবে তাঁকে নোবেল পুরস্কারে ভূষিত করা হয় ১৯১৭ সালে। এরপর আরও প্রভূত সম্মান লাভ করেন তিনি। ১৯৪৩ সালে শার্লটেনলাণ্ডে পন্টোপ্পিদান-এর মৃত্যু হয়।

**a)** সাহিত্য জগতে পা রাখার আগে সাহিত্যিক হেনরিক পন্টোপ্পিদান কি কাজ করতেন।

**b)** তাঁর প্রকাশিত দু'টি ছোটগল্প সংকলনের নাম লেখ।

**c)** লেখকের সব গল্পে কোন বিষয় প্রাধান্য পেয়েছে ?

**d)** কার সঙ্গে যৌথভাবে লেখক নোবেল পুরস্কার পান ।

**e)** সন্ধি বিচ্ছেদ কর ঃ
পুরস্কার

**2.** নীচের অনুচ্ছেদটি পড়ে প্রদত্ত প্রশ্নগুলির উত্তর দাও ঃ **1+1+1+1+1 = 5**

সীতা উদ্ধারের জন্য লঙ্কায় সেতুবন্ধনের পূর্বে রাম সমুদ্র পার হবার জন্য ত্রিরাত্র আরাধনা করেন। কিন্তু সমুদ্র রামকে দর্শন না দেওয়ায় রাম ক্রুদ্ধ হয়ে সমুদ্রের জল শোষণ করবার জন্য শর গ্রহণ করেন। তিনি সমুদ্র শুষ্ক করবেন, বানররা পদব্রজে সমুদ্র পার হবে। রাম জগত কম্পিত করে

বজ্রনাদে শরমোচন করলেন। তখন জলের ভিতর থেকে সমুদ্র স্বয়ংমূর্তিমান হয়ে উত্থিত হয়ে রামের কাছে মার্জনা প্রার্থনা করেন ও নলের সাহায্যে সেতুবন্ধন করে সমুদ্র পার হবার পরামর্শ দেন। রাম তাঁর বাণ সংবরণে অসমর্থ হয়ে তা নিক্ষেপ করবার স্থান জানতে চাইলে, সমুদ্র বলেন - আমার উত্তর দিকে দ্রুমকুল্য নামক স্থানে আভীর প্রভৃতি দস্যুগণ আমার জলপান করে। সেই পাপীদের স্পর্শ হতে মুক্ত হবার জন্য সমুদ্র রামকে সেখানে তাঁর ব্রাহ্মাস্ত্র নিক্ষেপ করতে বলেন। রাম তাই করলে, সেই শর পতনের স্থান মরুকান্তার নামে খ্যাত হয় এবং শরবিদীর্ণ গহ্বরের মুখ থেকে জল উঠতে লাগল। তার নাম হলো ব্রণকূপ। রামের বরে মরুকান্তার উর্বর হয়। নল বিশ্বকর্মার পুত্র। পিতার নিকট লব্ধ বরের প্রভাবে আদিষ্ট হয়ে সমুদ্র বক্ষে সেতু নির্মাণ করল। শত যোজন দীর্ঘ দশ যোজন বিস্তৃত নলকৃত সেতুর সাহায্যে সহস্র কোটি বানর লাফাতে লাফাতে সগর্জনে সমুদ্র পার হোল।

**a)** রামচন্দ্রের সমুদ্রে সেতুবন্ধনের প্রয়োজন হয়েছিল কেন ?

**b)** রামচন্দ্র কেন শর গ্রহণ করেন ?

**c)** সমুদ্র রামচন্দ্রকে কোথায় শর নিক্ষেপ করতে বলেন ?

**d)** নল পিতার আদেশ পেয়ে কি করেছিলেন ?

**e)** বিপরীত শব্দ লেখ ঃ অসমর্থ

**Section - B (Grammar)**

**3.** ধ্বনিতত্ত্বের নিম্নলিখিত সূত্রগুলির মধ্যে যে কোন একটির সংজ্ঞা ও দুটি উদাহরণ লেখ ঃ **3+2 = 5**

**a)** স্বরভক্তি **b)** অভিশ্রুতি **c)** স্বরসংগতি

**4.** যে কোন একটি অলংকারের সংজ্ঞা লেখ এবংউদাহরণ দাও ঃ **3+2 = 5**

**a)** অনুপ্রাস **b)** শ্লেষ **c)** যমক

অথবা

অলংকার নির্ণয় কর এবং অলংকারটির সংজ্ঞা লেখ। (যে কোন একটি)

**a)** আজি উতরোল উত্তর বায় উতলা হয়েছে তটিনী।

**b)** কোথা হা হন্ত চিরবসন্ত, আমি বসন্তে মরি।

**c)** জ্যোৎস্না নামে মৃদুপদে ঝাঁপিলয়ে লক্ষ্মীর মতন

**5.** যে কোন চারটি বাগধারা / প্রবাদের অর্থ লেখ ও একটি করে বাক্য রচনা কর ঃ **2×4 = 8**

ভূতের বেগার, যত দোষ নন্দ ঘোষ, যতক্ষণ শ্বাস ততক্ষণ আশ, হাতে কলমে, আঠারো মাসে বছর, ঢাল নেই তলোয়ার নেই নিধিরাম সর্দার, শক্তের ভক্ত নরমের যম, কূপমণ্ডূক

## Section - C

## (Composition and Writing)

**6.** নিচে সংবাদপত্রের একটি প্রতিবেদন তুলে দেওয়া হল। সেটি পড়ে প্রদত্ত প্রশ্নগুলির উত্তর দাও।

**2+2+2=6**

চেন্নাই, ২৬ জুন ঃ তীব্র পানীয় জলের সঙ্কট চেন্নাইয়ে। শুকিয়ে গিয়েছে শহরের চারটি ঝিল। প্রতিদিন চেন্নাইয়ে ৮৩০ মিলিয়ন লিটার জল লাগে। কিন্তু কয়েক দিন ধরে জলের সরবরাহ্ অর্ধেক হয়ে গিয়ছে। প্রশাসনের কর্তারা জানাচ্ছেন, গত ১৪০ বছরে এমন খরা দেখেনি তামিলনাড়ু।

পুণ্ডি, রেড হিলস চোলাভবম এবংচেমবারমবাক্কাম - চেন্নাইয়ের এই প্রধান চারটি ঝিলের জল পরিশ্রুত করে পাইপলাইনের মাধ্যমে শহরের বিভিন্ন জায়গায় সরবারাহ্ করা হয়। কিন্তু বৃষ্টির অভাবে এই চারটি ঝিলই শুকিয়ে গিয়েছে। ফলে চেন্নাইয়ে এখন প্রতিদিন জল সরবরাহ্ করা যাচ্ছে না। শহরের বহু জায়গায় এখন তিন দিনে এক বার করে পানীয় জল পৌঁছচ্ছে। চেন্নাইয়ের বিভিন্ন জায়গায় ৩০০ টি জলের ট্যাঙ্কার পাঠিয়ে পরিস্থিতি সামাল দেওয়ার চেষ্টা করছে পুরসভা।

চেন্নাই থেকে ২০০ কিলোমিটার দূরে নেভেলি টাউন। সেখানকার ভিরানাম ঝিল থেকেও পাইপলাইন দিয়ে চেন্নাইয়ে পানীয় জল আসে। শুকিয়ে গিয়েছে সেই পাইপলাইনটিও । প্রশাসন এখন নেভেলির অন্যান্য উৎস থেকে ওই পাইপলাইন দিয়ে দিনে অন্তত ৯০ মিলিয়ন লিটার জল চেন্নাইয়ের সরবরাহ্ করছে।

চেন্নাই এবংতার কাছাকাছি জেলাগুলিতে কয়েক হাজার জলাশয় রয়েছে । পরিবেশকর্মীদের দাবি, সেই জলাশয়গুলির ঠিক মতো রক্ষণাবেক্ষণ করা হলে এমন জলকষ্টে ভুগতে হতো না চেন্নাইকে।

**a)** উপরের প্রতিবেদনটির একটি উপযুক্ত শিরোনাম দাও।

**b)** দু'টি বাক্যে মূল বিষয়টির উপর আলোকপাত কর।

**c)** চেন্নাই-এর জলসংকট সম্বন্ধে পরিবেশ কর্মীরা কোন্ পরিস্থিতিকে দায়ী করেছেন ?

**3+3 = 6**

**7.** চিত্তবিনোদনে মানুষ আজ গৃহবন্দি - এই বিষয়ে তোমার মতামত জানিয়ে বন্ধুকে একটি চিঠি লেখ।

অথবা

আজকের কিশোর কিশোরীদের কাছে নিজস্বী (সেল্‌ফি) তোলার প্রবণতা নেশায় পরিণত হয়েছে - এ বিষয়ে তোমার ছোট ভাই/বোনকে একটি চিঠি লেখ।

## Section - D (Literature)

**8.** ‘ভূরিভোজনটা অন্যায়’ কিন্তু না খেয়ে মরাটা উচিত নয়, ভাই’।

**a)** বক্তা কে ?

**b)** কার প্রতি এই উক্তি ?

**c)** এই মন্তব্যটির যথার্থতা বিচার কর । **1+1+3=5**

অথবা

‘আমি কী তা দেখতে পাচ্ছিস নে ?’

**a)** উদ্ধৃত অংশটি কার লেখা, কোন্ গল্প থেকে নেওয়া হয়েছে ?

**b)** কোন প্রশ্নের উত্তরে বক্তা এই প্রতি প্রশ্নটি করে ?

**c)** উদ্ধৃতিটির তাৎপর্য লেখ।

**9.** সঠিক উত্তরটি নির্বাচন করো। **(MCQ)** (যে কোন পাঁচটি) **1×5=5**

**a)** বড়ো - বউ শ্বশুরকে কি দিয়ে সরবত করে দিত ?

**i)** বেলের সরবত

**ii)** দই পেতে ইসবগুল দিয়ে সরবত।

**iii)** আমের সরবত।

**b)** উচ্ছবের মেয়ের নাম কী ?

**i)** লক্ষ্মী

**ii)** বাসিনী

**iii)** চন্নুনী

**c)** বাসিনী উচ্ছবকে কি খেতে দিয়েছিল শাক ধোয়ার সময় ?

**i)** ছাতু

**ii)** মুড়ি

**iii)** চিঁড়ে

**d)** শীতের বৃষ্টিকে ছোট লোকেরা কি বলে ?

**i)** ডাওর

**ii)** ফাঁপি

**iii)** পউষে বাদলা

**e)** বিকেল বেলায় চ্যাংদোলা করে বুড়িকে গ্রামে কারা নিয়ে এসেছিল ?

**i)** হিন্দু পাড়ার লোকেরা

**ii)** মুসলমান পাড়ার লোকেরা

**iii)** পুলিশের লোক।

**f)** 'একদা সে ছিল পেশাদার লাঠিয়াল' - কার সম্পর্কে একথা বলা হয়েছে ?

**i)** ফজলু শেখ

**ii)** নিবারণ বাগদি

**iii)** করিম ফরাজি

**g)** মৃত্যুঞ্জয় শূন্যদৃষ্টিতে কোন্ দিকে তাকিয়ে ছিল?

**i)** জানলার দিকে

**ii)** দেওয়ালের দিকে

**iii)** ক্যালেণ্ডারের দিকে

**h)** নিখিল কিভাবে সাহায্যের টাকা পাঠায় ?

**i)** ব্যাঙ্কের মারফত

**ii)** মানি অর্ডার সহযোগে

**iii)** লোকমারফত

**10.** সপ্রসংগ ব্যাখ্যা কর ঃ **5**

''কঠিনেরে ভালোবাসিলাম
সে কখন করে না বঞ্চনা''

অথবা

''আমার বিবেক, আমার বারুদ
বিস্ফোরণের আগে।''

**11.** ''আমি কি তাকাব আকাশের দিকে
বিধির বিচার চেয়ে''

**a)** কার লেখা, কোন্ কবিতার অংশ ? **1+1+3 = 5**

**b)** 'বিধির বিচার' - অর্থ লেখ।

**c)** উক্তিটির তাৎপর্য লেখ।

অথবা



**Contd.**

‘‘শহরের অসুখ হাঁ করে কেবল সবুজখায়’’ -

a) কার লেখা, কোন্ কবিতার অংশ ?

b) ‘শহরের অসুখ’ - অর্থ লেখ।

c) উক্তিটির তাৎপর্য লেখ।

12. ‘‘তুমি থিয়েটারওয়ালা - একটা নকলনবীশ - একটা অস্পৃশ্য ভাঁড় - ’’ **2+3=5**

a) কে কখন এই উক্তিটি করেছেন ?

b) এই উক্তিটির কারণ নির্দেশ কর।

অথবা

‘‘শরীরে যদি রক্ত থাকে, তাহলে সে রক্তে মিশে আছে প্রতিভা।’’

a) কে কাকে বলেছেন ?

b) কোন প্রসঙ্গে বলেছিলেন ?

13. সঠিক উত্তরটি নির্বাচন কর। (MCQ) (যে কোন পাঁচটি) **1×5=5**

a) ‘‘নানা রঙের দিন’ নাটকের বৃদ্ধ অভিনেতা ছাড়া অন্য চরিত্রটির নাম কি ?

i) রজনীকান্ত

ii) কালীনাথ সেন

iii) রাম ব্রীজ

b) ‘নানা রঙের দিনগুলি’ - কোন মূল নাটক অবলম্বনে রচিত ?

i) পাওয়ার অব ডার্কনেস

ii) রুটস্

iii) সোয়ান সং

c) রজনী কান্ত কোন জায়গাকে শ্মশান মনে করেছেন ?

i) নিজের ঘর

ii) গ্রীন রুম

iii) অডিটোরিয়াম

d) সাজাহান নাটকের একটি চরিত্র -

i) মহম্মদ খিলজী

ii) আকবর

iii) ঔরঙ্গজেব

e) রজনীকান্তের মতে শিল্পকে যে ভালোবেসেছে তার কি নেই ?

i) শান্তি নেই

ii) বার্ধক্য নেই

iii) প্রতিভা নেই

f) মেয়েটি রজনীকান্তকে কি ছাড়তে বলেছিল ?

i) পুলিশের চাকরি

ii) থিয়েটার

iii) প্রম্পটারের কাজ

g) রজনীকান্ত কাদের বিশ্বাস করেন না ?

i) থিয়েটারের টিকিট কেনা খদ্দেরদের

ii) পরিচালকদের

iii) অভিনেতাদের

h) কার শোয়ার জায়গা নেই ও সে কোথায় ঘুমায় ?

i) কালীনাথের, গ্রিনরুমে

ii) রামব্রীজের, খাটে

iii) রজনীবাবুর, স্টেজে

14. ''জয়োৎসবের ভোজ বানাত কারা ?'' **2+3 = 5**

a) কার লেখা ? কোন কবিতার অন্তর্গত ?

b) এই অংশের তাৎপর্য লেখ।

অথবা

''নিদেন একটা রাঁধুনি তো ছিল ?''

a) কার লেখা ? কোন কবিতার অন্তর্গত ?

b) এই অংশটির তাৎপর্য লেখ।

15. ''এরা ছাড়াও জেলখানায় একদল অভিজাত শ্রেণীর কয়েদি আছে।'' **1+4 = 5**

a) কোন্ জেলখানার কথা বলা হয়েছে ?

b) অভিজাত শ্রেণীর কয়েদিদের বর্ণনা দাও।

অথবা

''সামনাসামনি আসতেই স্তম্ভিত হয়ে গেলাম।''

a) কাকে দেখে বক্তা স্তম্ভিত হয়েছিলেন ?

b) বক্তার স্তম্ভিত হওয়ায় কারণ কি ?

**16.** সঠিক উত্তরটি নির্বাচন কর **(MCQ)** (যে কোন পাঁচটি) **1×5=5**

**a)** বন্দরের ভদ্রলোকেরা আজ আর কাদের তুই-তুকারি করতে সাহস পায় না ?

**i)** হাজং

**ii)** ডালু

**iii)** গারো

**b)** ‘হাতি বেগার’ আইনের বিরুদ্ধে প্রজারা কার নেতৃত্বে বিদ্রোহী উঠেছিল ?

**i)** গোরাচাঁদ মাস্টার

**ii)** গৌরাঙ্গ মাস্টার

**iii)** নিবারণ

**c)** দোতলায় ভলান্টিয়ারদের মাঝখানে রামদুলাল বাবু কি করছিলেন ?

**i)** ফুলের মালা গলায় দিয়ে দাঁড়িয়ে ছিলেন ।

**ii)** বক্তৃতা দিচ্ছিলেন।

**iii)** চুপ করে ছিলেন ।

**d)** সেপাই কয়েদিরা ইয়ার্ডকে কি বলে ?

**i)** ফাইল

**ii)** খাতা

**iii)** বই

**e)** মুস্তাফার বয়স কত ?

**i)** বছর আটেক

**ii)** বছর নয়েক

**iii)** বছর দশেক

**f)** খরস্রোতা তিস্তাকে লেপচারা কি বলে ?

**i)** নুড়ি বা সিধা

**ii)** রংতু বা ভেঁপু

**iii)** রংতু বা সিধা

**g)** দাড়িওয়ালা হেকিমের পরনে কি ছিল ?

**i)** লাল আলখাল্লা

**ii)** লাল জামা

**iii)** লাল শার্ট

**h)** সুসং শহরের গা দিয়ে কোন নদী নেমে গেছে ?

**i)** তোর্সা

**ii)** সোমেশ্বরী

**iii)** তিস্তা

—※—